

শিল্পকলা পদক পাচ্ছেন সাত গুণী শিল্পী

সাংস্কৃতিক প্রতিবেদক

শিল্পকলার নানা শাখায় অবদানের স্বীকৃতিস্বরূপ সাত গুণী শিল্পী পাচ্ছেন 'শিল্পকলা পদক ২০১৪' এদের মধ্যে নৃত্যকলায় ওস্তাদ বজলুর রহমান বাদল, কণ্ঠসঙ্গীতে পণ্ডিত অমরেশ রাইচৌধুরী, যন্ত্রসঙ্গীতে পণ্ডিত মদনগোপাল দাস, চারুকলায় মৌসুমী আনন্দ, হীলিদি, আবৃত্তিতে আশরাফুল আলম, নাট্যকলায় লাকী ইনাম ও ফটোগ্রাফিতে ড. শহিদুল আলম। রষ্ট্রপতি আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ১৯ ফেব্রুয়ারি বিকেল সাড়ে ৩টায় শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে এ পদক প্রদান করবেন। বিশেষ অতিথি সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। সংস্কৃতি সচিব ড. রণজিৎ কুমার বিধাসের সভাপতিত্বে স্বাগত বক্তব্য দেবেন একাডেমির মহাপরিচালক শিয়াকত আলী লাকী। মঙ্গলবার জাতীয় নাট্যশালায় সেমিনার কক্ষে শিল্পকলা একাডেমি আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। এতে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক শিয়াকত আলী লাকী ও সচিব জাহাঙ্গীর হোসেন চৌধুরী।

গ্যালারি চিত্রকে চিত্রপ্রদর্শনী : মানবতার পক্ষে সহিংসতার বিরুদ্ধে চিত্রকর্ম প্রোগান নিয়ে ধানমন্ডির গ্যালারি চিত্রকে শুরু হয়েছে তিন দিনব্যাপী চিত্রপ্রদর্শনী। যৌথভাবে এর আয়োজন করেছে বৃহত্ত ৭১ এবং গ্যালারি চিত্রক। মঙ্গলবার সন্ধ্যায় প্রদর্শনীটির উদ্বোধন করেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। দেশের খ্যাতিমান ৫০ জন শিল্পীর ৫০টি ছবি এতে প্রদর্শিত হবে।

ছবিগুলো এঁকেছেন শিল্পী মুহাম্মদ মনোয়ার, সমরজিৎ রাইচৌধুরী, হাশেম খান, রফিকুল নবী, কাপিদাস কর্মকার, রণজিৎ দাস প্রমুখ। প্রদর্শনীটি সকাল ১০টায় শুরু হয়ে আগামীকাল রাত ৮টা পর্যন্ত চলবে।